ক্রোড়পত্র- এঞ

# চিটাগাং ড্রাই ডক লিমিটেড

**বাংলাদেশ নৌবাহিনী**

**পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম**

**সীমিত দরপত্রের সিডিউল**

মেসার্স .................

...........................

...........................

দরপত্র নং ঃ ২৩.০২.১৫৬৫.৩৪১.৫৩.০০৪.২০. ০৫
তারিখ ঃ ০৩ নভেম্বর ২০২০
খোলার তারিখ ঃ ১২ নভেম্বর ২০২০
বেলা ঃ ১০.৩০ মিনিট

প্রিয় মহোদয়গণ,

১। সংলগ্নীতে বর্ণিত দ্রব্যাদি চিটাগাং ড্রাই ডক লিমিটেড-এ সরবরাহ করার জন্য আপনাদের কাছ থেকে সর্বনিম্ন মূল্য তালিকা আহবান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | দ্রব্যের বিবরণ | পরিমাণ | মূল্যহার | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | একক মূল্য | মোট মূল্য | |
| ১। | 630 KVA Oil type transformer Oil change (Tank capacity: 0.4 Ton) and Centrifusing | 6 Nos | | | |
| ২। | Transformer Oil Supply ,Tank capacity: 0.4 Ton (Reknown Brand) | 6 Nos | | | |
| ৩। | Silica Gel supply and change for Breather box | 6 Nos | | | |
| ৪। | Breather box repair and supply | 2 Nos | | | |
| ৫। | Transformer Overhauling ang Megger test | 6 Nos | | | |
| ৬। | Oil Centrifusing report (Before and After) | 6 Nos | | | |
| | | সর্বমোট মূল্য (সংখ্যায়) = | | | |

২। আপনাদের মূল্য তালিকা অবশ্যই অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী অনুযায়ী হতে হবে।

৩। দরপত্রে মালামালগুলোর সকল আইটেম দর প্রদান এবং ব্র্যান্ড/ প্রস্তুতকারী দেশের নাম উল্লেখ করতে হবে।

৪। দরপত্র দলিলাদির সাথে প্রতিটি পণ্যের ক্যাটালগ সহ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং উৎপাদনকারি প্রতিষ্ঠানের গ্যারান্টি ও ওয়ারেন্টি সার্টিফিকেট প্রদান করতে হবে।

আপনাদের বিশ্বস্ত

এম মহীদুল হাসান
কমডোর বিএন
মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত ও রক্ষণাবেক্ষণ)

আমরা অপর পৃষ্ঠার সমস্ত শর্তাবলী মানিয়া নিলাম।

সরবরাহকারীর স্বাক্ষর

ভ্যাট নিবন্ধন নং-
এরিয়া কোড নং-
টি আই এন নং-

# সীমিত দরপত্রে অংশগ্রহণের শর্তাবলী

১। দরপত্র ফ্রি সরবরাহ এ্যাট সাইট শর্ত ছাড়া অন্য কোনো শর্তে গ্রহণযোগ্য নয়।

২। দরপত্রে অংশ গ্রহণকারীকে সরকারি বিধি মোতাবেক কাস্টমস কর্তৃপক্ষের দপ্তর থেকে মূসক সেবার কোড এর ৯১৯১০০০১৩৩ আওতাধীন "যোগানদার" হিসেবে মূল্য সংযোজন কর/ টার্ণওভার ট্যাক্স নিবন্ধিত হতে হবে এবং এ দরপত্রের সাথে মূসক/ টার্ণওভার ট্যাক্স নিবন্ধন পত্রের কপি সংযুক্ত করতে হবে। বিধি মোতাবেক মূসক আদায়/ রহিত করা হবে।

৩। সরবরাহকারীর মূল্য তালিকা (স্বহস্তে লিখিত বা ছাপানো হোক) পরিষ্কারভাবে সীলমোহরকৃত খামে ব্যবস্থাপনা পরিচালক, চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম সম্বোধনপূর্বক পাঠাতে হবে।

৪। মূল্য যাচাইপত্র নং ২৩.০২.১৫৬৫.৩৪১.৫৩.০০৪.২০..........তারিখ: ০৩ নভেম্বর ২০২০ জমা নেবার শেষ তারিখ: ১২ নভেম্বর ২০২০ বেলা: ১০.১৫ মিঃ পর্যন্ত এবং দরপত্র খোলার তারিখ: ১২ নভেম্বর ২০২০ বেলা: ১০.৩০ ঘটিকা।

৫। মূল্য তালিকা ডাকে অথবা স্বহস্তে চিটাগাং ড্রাই ডকের বিদ্যুৎ বিভাগে রক্ষিত বাক্সে জমা দিতে হবে। মূল্য তালিকা কমপক্ষে ৬০ (ষাট) দিন পর্যন্ত অবশ্যই বলবৎ রাখতে হবে।

৬। ক্রয়াদেশে বর্ণিত সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর মালামাল সরবরাহ করা হলে প্রতি সপ্তাহে অথবা অংশ বিশেষ এর জন্য দশমিক পাঁচ শতাংশ (০.৫%) হারে এলডি এবং সরবরাহে অধিক বিলম্বের করণে উৎপাদন ব্যহত হলে/ কোন ক্ষতি হলে প্রতি সপ্তাহের অথবা তার অংশ বিশেষের জন্য অনধিক শতকরা এক ভাগ (১%) হারে এলডি সরবরাহকারীর নিকট হতে কর্তন করা হবে।

৭। সরবরাহকারী কর্তৃক সময়মত মালামাল সরবরাহে ব্যর্থ হলে অসরবরাহকৃত মালামাল অন্যত্র হতে ক্রয় করে অতিরিক্ত খরচ (যদি কিছু থাকে) সরবরাহকারীর নিকট হতে আদায় করা হবে।

৮। আমাদের নির্দিষ্ট মূল্য যাচাই পত্রের দরপত্র ফরম ব্যতিরেকে অন্য যে কোন শিরোনামাঙ্কিত পত্রের মূল্য তালিকা পাঠানো হলে উহা গ্রহণযোগ্য নাও হতে পারে। বিলম্বে প্রাপ্ত দরপত্র গ্রহণযোগ্য নয়।

৯। সিডিডিএল কর্তৃপক্ষের কোন কারন দার্শানো ব্যতিরেকেই যে কোন কিংবা সকল মূল্য তালিকাই গ্রহণ অথবা নাকচ করার ক্ষমতা থাকবে।

১০। গ্রহণযোগ্য মূল্য তালিকার সরবরাহকারীকে ক্রয়াদেশ বিধি মোতাবেক দ্রব্য সরবরাহ সুনিশ্চিত করার জন্য তালিকাভুক্তি ছাড়া সরবরাহকারীর নিকট শতকরা তিন ভাগ (৩%) হারে জামানত প্রদান করতে হবে (তালিকাভুক্ত প্রতিষ্ঠান ব্যতিত)। উক্ত জামানত এবং তালিকাভুক্ত সরবরাহকারীর স্থায়ী জামানত সিডিডিএল কর্তৃপক্ষের আইনের পরিপন্থী এবং ক্রয়াদেশ বহির্ভূত যে কোন কার্যের জন্য অর্থাৎ নির্দিষ্ট সময়ে সরবরাহ করতে অপারগ, প্রতিজ্ঞা অথবা নমুনা কিংবা ক্রয়াদেশ মোতাবেক সরবরাহ না করার জন্য বাজেয়াপ্ত করা যাবে।

১১। আমাদের এ শর্তাবলী স্বীকার করে নেওয়ার পর সরবরাহকারী কর্তৃক কোন প্রকার অবহেলা অথবা অন্য যে কোন নিজস্ব কারনে যদি শর্তাবলী বিঘ্নিত হয় এবং তার পরিপ্রেক্ষিতে ডক ইয়ার্ডের যে কোন দ্রব্যগত বা অর্থগত ক্ষতি সরবরাহকারীর জামানত হতে পুরণ করা হবে।

১২। ক্রয়াদেশভুক্ত একই দফার আংশিক সরবরাহ গ্রহণযোগ্য নয়।

১৩। **সালিসীর মধ্যস্থতা ঃ** উপরোক্ত শর্তাবলীর উপর যদি কোন মত বিরোধ দেখা দেয় তবে বিষয়টি নিষ্পত্তির জন্য উভয় পক্ষের মতানুসারে একটি সালিসী পক্ষ ডাকা হবে এবং তাতে বিফল হলে চিটাগাং ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, কর্তৃক মনোনীত সালিসী পক্ষ এবং সরবরাহকারীর মনোনীত সালিসী পক্ষের মধ্যস্থতায় নিষ্পত্তির চেষ্টা করা হবে, তাতেও বিফল হলে উভয় সালিসী পক্ষের লিখিত মনোনায়নের মাধ্যমে একজন বিচারক (আম্পায়ার) নিযুক্ত করা যাবে এবং তাতেও গৃহীত সিদ্ধান্ত ব্যর্থ হলে ১৯৪০ সালের সালিসী আইন অনুযায়ী চরম সিদ্ধান্তের জন্য একটি চরম সালিসী পক্ষকে মেনে নিতে হবে এবং সে সিদ্ধান্ত উপরে বর্ণিত শর্তাবলী আইনানুগতভাবে সংযোজিত হবে এবং উভয় পক্ষকে মেনে নিতে হবে।

১৪। ক্রয়াদেশভুক্ত সম্পূর্ণ মালামাল সরবরাহের পর সরবরাহকারি কর্তৃক ০২ (দুই) কপি বিল/ ইনভয়েস, ০১ (এক) কপি চালান, গ্যারান্টি সার্টিফিকেট, ভ্যাট চালান (প্রযোজ্য ক্ষেত্রে) সহ বিল পরিশোধের জন্য মহাব্যবস্থাপক (জাহাজ মেরামত ও রক্ষণাবেক্ষণ) বরাবর দাখিল করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য ঃ** উপরোল্লিখিত যে কোনো ঘরের নির্দিষ্ট বক্তব্য হতে বিরত থাকলে সরবরহকারীর মূল্য উদ্ধৃত বাতিল হতে পারে। মূল্য উদ্ধৃতির সকল মূল্যহার পরিষ্কারভাবে লিখিতে হবে। কোনোরূপ অস্পষ্টতা অসম্পূর্ণতা অথবা পুনঃ লিখনের মাধ্যমে ভুল বুঝার অবকাশ থাকলে উদ্ধৃতির উক্ত অংশটুকু বাতিল বলে গণ্য হবে।